

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয়  
ঢাকা বিভাগ, ঢাকা  
১০৫/১০৬, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
e-mail [ddho@ld.dghs.gov.bd](mailto:ddho@ld.dghs.gov.bd)

স্মারক নং-পরিঃ(স্বাঃ)/ঢাকা/পার/ন্যস্ত/২০১৭/১১৪৬

তারিখঃ ০৬/০৬/২০১৭ খ্রিঃ।

বরাবর

মহাপরিচালক  
স্বাস্থ্য অধিদপ্তর  
মহাখালী, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ : পরিচালক (প্রশাসন)।


বিষয় : ন্যস্তকৃত কর্মকর্তাদের পদায়ন প্রসংগে।

উর্পর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাইতেছে যে, আপনার কার্যালয় হইতে অত্র বিভাগে পরবর্তী পদায়নের জন্য ন্যস্তকৃত কর্মকর্তাদেরকে গত ০১/০৬/২০১৭ খ্রিঃ তারিখ বদলী/পদায়ন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী পদায়ন শেষে এখন পর্যন্ত প্রায় ২৩০(দুইশত ত্রিশ) জন কর্মকর্তা পদায়নের অপেক্ষায় রহিয়াছেন। উল্লিখিত সংখ্যক কর্মকর্তাদের নিম্নবর্ণিত কারণে পদায়ন করা বিঘ্ন সৃষ্টি হইতেছে।

১। ঢাকার মধ্যে বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিষ্ঠান প্রধানগণ-কে ৯ম থেকে ৭ম গ্রেডের কর্মকর্তাদের শূন্য পদের তথ্য চাহিয়া বারবার পত্র দেওয়া হইলেও অধিকাংশ প্রতিষ্ঠান থেকে হালনাগাদ শূন্য পদের তথ্য পাওয়া যাইতেছে না, ফলে ন্যস্তকৃত কর্মকর্তাদের কাজিত পদ ও প্রতিষ্ঠানে পদায়ন করা সম্ভব হইতেছে না।

২। ন্যস্তকৃত কর্মকর্তাদের অধিকাংশ কর্মকর্তাই ঢাকা শহরের বিভিন্ন প্রতিষ্ঠানে পদায়ন পাওয়ার জন্য বিভিন্ন পর্যায় থেকে তদবির/সুপারিশের প্রেক্ষিতে ঢাকাস্থ বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানে পদায়ন করা হইলেও অনেকেই যোগদান করিতে গিয়ে বাধাগ্রস্ত হইতেছেন।

ইহা আপনার সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল।

  
(ডা. নিতীশ কান্তি দেবনাথ)  
পরিচালক(স্বাস্থ্য)  
ঢাকা বিভাগ, ঢাকা।